তারিখ 12 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

গফরগাঁও সরকারি কলেজ

# শিক্ষিকাকে ছুরিকাঘাত, দুই ছাত্রলীগ নেতা গ্রেপ্তার

**ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি ▷**

চলমান উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষা কেন্দ্রে প্রবেশে বাধা দেওয়ার জের ধরে ময়মনসিংহের গফরগাঁও কলেজের এক শিক্ষিকাকে ছুরিকাঘাত করা হয়েছে। গত সোমবার রাত ৯টার দিকে গফরগাঁও সরকারি কলেজ ক্যাম্পাসের ছাত্রীনিবাসের সামনে তাঁর ওপর এ হামলা হয়। এ ঘটনায় ছাত্রলীগের দুই নেতাকে গ্রেপ্তার করা হয়েছে। আহত শিক্ষিকা হলেন কলেজের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক কাজী জাকিয়া ফেরদৌসি। সোমবার রাতেই জাকিয়া ফেরদৌসি বাদী হয়ে গফরগাঁও থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় পৌরসভা শাখা ছাত্রলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক মফিদুল ইসলাম টিপু ও কলেজ শাখা ছাত্রলীগের সদস্য হৃদয়কে আসামি করা হয়। এরপর রাত ২টার দিকে গফরগাঁও সদর থেকে টিপু ও হৃদয়কে গ্রেপ্তার করা হয়।

স্থানীয় লোকজন ও মামলা সূত্রে জানা যায়, সোমবার সকালে গফরগাঁও সরকারি ডিগ্রি কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষা চলাকালে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কেন্দ্রে প্রবেশের চেষ্টা করেন ছাত্রলীগ নেতা টিপু ও হৃদয়। ওই সময় কেন্দ্রে কর্তব্যরত শিক্ষিকা জাকিয়া ফেরদৌসি তাঁদের বাধা দেন। ওই দিন রাত ৯টার দিকে কলেজ ক্যাম্পাসে ছাত্রীনিবাসের সামনের রাস্তায় জাকিয়া ফেরদৌসির ওপর হামলা হয়। ছুরিকাঘাতে তাঁর বাম হাত জখম হয়েছে।

পরিচালকের কার্যালয়
প্রশাসনিক কর্মকর্তা
স্বাক্ষর